

Present Continuous tense (ঘটমান বর্তমান)

বর্তমানে কোন কাজ হচ্ছে বা চলছে, মানে কাজটি এখন হচ্ছে এবং নিকট ভবিষ্যতে চলবে এরূপ বোঝালে **Present Continuous tense** হয়। যেমন ঃ আমি এখন ভাত খাচ্ছি।

বাংলায় চেনার উপায়:

বাংলায় ক্রিয়া বা **verb** – এর শেষে ছি, ছে, ছ, ছেন, চ্ছ, চ্ছি, চ্ছে, ইত্যাদি থাকে।

1.Rules of Positive sentence: Present Continuous tense এর হ্যাঁ- বাচক বাক্য লেখার নিয়মাবলী হল -

Subject + am/is/ are + verb+ing +object

Note- I এর পর am বসে। He,She,It এবং অন্যসব Third Person Singular Number এর পর is বসবে। We,You,They, এবং Plural subject এর শেষে are বসে।

Example:

কুকুরটি ডাকছে -The dog is barking.

আমি পড়তে যাচ্ছি -I am going for tuition.

তোমরা বই পড়ছ -You are reading books.

সে স্কুলে যাচ্ছে – He is going to school.

2.Rules of Negative sentence: Present Continuous tense এর না- বাচক বাক্য লেখার নিয়মাবলী হল -

Subject + am/is/ are + not + verb+ing +object

Example:

বৃষ্টি পরছে না -It is not raining

তিনি আজ আসছেন না – He is not coming today.

আমি বাজার যাচ্ছি না – I am not going to market.

তুমি গান গাইছ না – You are not singing.

3.Rules of +ve Question : Present Continuous tense এর হ্যাঁ- বাচক প্রশ্ন লেখার নিয়মাবলী হল -

am/is/ are + Subject + verb+ing +object

Example:

তুমি কি স্নান করছ ? – Are you bathing ?

তিনি কি ঘুমাচ্ছেন ? – Is he sleeping ?

ছেলেরা কি মাঠে ফুটবল খেলছে ? – Are the boys playing football in the field ?

আমি কি ভুল করছি ? – Am I doing wrong ?

4.Rules of -ve Question : Present Continuous tense এর না - বাচক প্রশ্ন লেখার নিয়মাবলী হল -

am/is/ are+ not + Subject + verb+ing +object

Example:

রবি কি পড়াশুনা করছে না ? – Is not Rabi studying ?

তারা কি আজ চিড়িয়াখানায় যাবেন না ? – Are not they going to zoo today?

আমি কি তোমায় সাহায্য করছি না ? – Am I not helping you ?

তোমরা কি মাছ ধরছ না ? – Are not you catching fish ?

5.Rules of +ve Wh-word Question : Present Continuous tense এর হ্যাঁ- বাচক Wh-word এর অর্থাৎ **What(কি), Where (কোথায়),Why (কেন),When (কখন),Which (কোনটি),How (কিভাবে)** দিয়ে প্রশ্ন লেখার নিয়মাবলী হল -

Wh-word +am/is/ are + Subject + verb+ing +object

Example:

তোমরা কোথায় যাচ্ছে ? -Where are you going ?

সুমন কখন আসছে ? – When is Suman coming?

তুমি কোন গল্পের বই পড়ছ ? – Which story book is you reading?

আমি কেন এত কষ্ট পাচ্ছি ? -Why am I suffering so much ?

6.Rules of -ve Wh-word Question : Present Continuous tense এর না- বাচক Wh-word এর অর্থাৎ **What(কি), Where (কোথায়),Why (কেন),When (কখন),Which (কোনটি),How (কিভাবে)** দিয়ে প্রশ্ন লেখার নিয়মাবলী হল -

Wh-word +am/is/ are +not+ Subject + verb+ing +object

Example:

সে কেন আসছে না ? -Why is not she coming ?

দিপা কোথায় ঘুরতে যাচ্ছে না ? Where is not Dipa Travelling?

তুমি কেন বই পড়ছ না ? – Why are not you reading books ?